গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
জনপ্রশাসন মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫
www.napd.gov.bd

# নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব সুকেশ কুমার সরকার, মহাপরিচালক (সরকারের সচিব), এনএপিডি |
| তারিখ ও বার | : | ২৭ মার্চ ২০২৩ (সোমবার) |
| স্থান | : | এনএপিডি'র বোর্ড রুম |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |

সভার উপস্থিতিঃ

(ক) **উপস্থিত সদস্যবৃন্দঃ** জনাব কে এম আলী রেজা (যুগ্মসচিব ও অতিরিক্ত মহাপরিচালক) এনএপিডি, জনাব সায়মা আফরোজ (যুগ্ম-সচিব ও প্রধান প্রশিক্ষক- ০১) এনএপিডি, ড. মোঃ নুরুজ্জামান (পরিচালক (গবেষণা ও প্রকাশনা)) এনএপিডি, প্রকৌঃ মোঃ আব্দুর রশিদ (পরিচালক (প্রশাসন ও অর্থ)) এনএপিডি, জনাব কাজী মোহাম্মদ সালাতুজ্জামান (সিস্টেম এনালিস্ট) এনএপিডি, জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী (উপ-পরিচালক (প্রশাসন)) এনএপিডি, জনাব মৌফুল নাহার (প্রশিক্ষক-০২) এনএপিডি, জনাব মোহাম্মদ জিয়াউর রহমান (সহকারী পরিচালক) এনএপিডি, জনাব দীপায়ন চক্রবর্তী (গবেষণা কর্মকর্তা- ০১), এনএপিডি।

**(খ) অনুপস্থিতিঃ** সভায় সকল সদস্য উপস্থিত ছিলেন।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে একাডেমির উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী সভার কর্মপত্র উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয় -

| ক্র. নং | কার্যক্রম | আলোচনা | সভার সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০১ | | ২য় ত্রৈমাসিক সভা গত ১৯/১২/২০২২ তারিখ অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী প্রেরণের পর সংশ্লিষ্ট বিষয়ে অন্য কোনো মতামত পাওয়া যায়নি। দৃঢ়ীকরণ করা যেতে পারে। | দৃঢ়ীকরণ করা হলো। | |
| ০২ | [১.১] নৈতিকতা কমিটির সভা আয়োজন | এপিএ ২০২২-২৩ অনুযায়ী নৈতিকতা কমিটির সভা প্রতি কোয়ার্টারে আয়োজন করার নির্দেশনা রয়েছে যা প্রতি কোয়ার্টারের শেষ মাসে আয়োজন করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। উল্লেখ্য ১২/০৯/২০২২ তারিখে ১ম সভা ও ১৯/১২/২০২২ তারিখে ২য় সভা আয়োজিত হয়েছে। | নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভা আগামী জুন মাসে আয়োজন করতে হবে। | উপ-পরিচালক (প্র.) ও গবেষণা কর্মকর্তা-১ |
| ০৩ | [১.২] নৈতিকতা কমিটির সভার | এপিএ ২০২২-২৩ সংযোজনী-৫: এনএপিডির শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা-এর আওতায় মোট | প্রতি কোয়ার্টারের কার্যক্রম অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে এবং | উপ-পরিচালক (প্র.) ও গবেষণা কর্মকর্তা-১ |

| ক্র. নং | কার্যক্রম | আলোচনা | সভার সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| | সিদ্ধান্ত বাস্তবায়ন | ১৫টি কার্যক্রম রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। প্রতি কোয়ার্টারের কার্যক্রম অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার পাশাপাশি বাস্তবায়িত সিদ্ধান্তসমূহ সংখ্যা ও শতকরা হারে পরবর্তী ত্রৈমাসিক সভায় উপস্থাপন করা যেতে পারে। মোট ১৫ টি কার্যক্রমের মধ্যে ১ম ত্রৈমাসিক সময়ে ১২টি কার্যক্রম এবং ২য় ত্রৈমাসিক সময়ে নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ১৩ টি কার্যক্রম সম্পন্নের লক্ষ্যমাত্রা ছিল যার মধ্যে সবগুলো (১ম ত্রৈমাসিক সময়ে ১২টি ও ২য় ত্রৈমাসিক সময়ে ১৩ টি কার্যক্রম) বাস্তবায়িত হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। কার্যক্রম বাস্তবায়নের শতকরা হার ১০০%। | বাস্তবায়িত সিদ্ধান্তসমূহ সংখ্যা ও শতকরা হারে এবং বার চার্ট -এর মাধ্যমে পরবর্তী ত্রৈমাসিক সভায় উপস্থাপন করতে হবে। | - |
| ০৪ | [১.৩] সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা | এপিএ ২০২২-২৩ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে প্রতি কোয়ার্টার-এ ০১ (এক) টি করে মোট ০৪ (চার) টি সভা আয়োজনের নির্দেশনা রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। লক্ষ্যমাত্রা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ৩য় ও ৪র্থ সভাসমূহ যথাক্রমে আগামী ২৯ মার্চ ২০২৩, ও জুন ২০২৩ সময়ে আয়োজন করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ৩য় সভা মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী আগামী ২৯ মার্চ ২০২৩ তারিখে আয়োজিত হবে। ৪র্থ সভা জুন ২০২৩ মাসে বা এর নিকটবর্তী সময়ে আয়োজন করতে হবে। | উপ-পরিচালক (প্র.) ও গবেষণা কর্মকর্তা-১<br>- |
| ০৫ | [১.৪] শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | এনএপিডির কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে মোট ০২ (দুই)টি প্রশিক্ষণ আয়োজনের নির্দেশনা রয়েছে। সে | (সম্পূর্ণ বাস্তবায়িত হয়েছে) এনএপিডির কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে | - |

| ক্র. নং | কার্যক্রম | আলোচনা | সভার সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | অনুযায়ী ০২ (দুই)টি প্রশিক্ষণের মধ্যে একটি একাডেমির ৫১ জন কর্মচারীদের সমন্বয়ে গত ১০/০৯/২০২২ ও ৩৩ জন কর্মকর্তাদের সমন্বয়ে গত ১৫/১০/২০২২ তারিখে আয়োজন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | মোট ০২ (দুই)টি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা অনুযায়ী উক্ত প্রশিক্ষণসমূহ সফলভাবে আয়োজিত হয়েছে যা প্রশংসনীয়। | |
| ০৬ | [১.৫] কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ড ভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুম -এর ব্যবস্থা করা ইত্যাদি। | গত ৩১/১২/২০২২ তারিখের মধ্যে একাডেমির কর্ম-পরিবেশ উন্নয়ন বিষয়ক কার্যক্রম সম্পন্নের লক্ষ্যমাত্রা ছিল। উক্ত কর্ম-পরিবেশ উন্নয়ন বিষয়ক কার্যক্রমের ক্ষেত্রে একাডেমির পুরাতন মালামাল (পুরাতন সাবস্টেশন ও জেনারেটার)-এর নিলাম সম্পন্ন ও ১৯/২/২০২২ তারিখে উক্ত মালামাল ডেসপাস করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। এছাড়াও এনএপিডি ক্যাম্পাস পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরে কমিটি কর্তৃক তা প্রতিবেদন আকারে জমা প্রদানের বিষয়ে আলোচনা হয়। | (সম্পূর্ণ বাস্তবায়িত হয়েছে) একাডেমির পুরাতন মালামাল নিলাম সম্পন্নকরণের পর ১৯/২/২০২২ তারিখে উক্ত মালামাল ডেসপাস করা হয়েছে যা প্রশংসনীয়। এনএপিডি ক্যাম্পাস পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ক প্রতিবেদন প্রতি মাসে প্রশাসন শাখায় জমা দিতে হবে। | উপ-পরিচালক (প্র.), সহকারী পরিচালক (প্র.) ও কেয়ার টেকার |
| ০৭ | [২.১] পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | গত ৩১.০৭.২০২২ তারিখের মধ্যে ক্রয়-পরিকল্পনা একাডেমির ওয়েবসাইটে প্রকাশের লক্ষ্যমাত্রা ছিল। যা গত ২০.০৭.২০২২ তারিখে ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে ক্রয়-পরিকল্পনা প্রণয়ন ও তা একাডেমির ওয়েবসাইটে প্রকাশ করায় সভাপতি মহোদয় ধন্যবাদ জানান। তবে বার্ষিক ক্রয়-পরিকল্পনা হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা | সংশোধিত বাজেটের আলোকে ক্রয়-পরিকল্পনা হালনাগাদ করতে হবে। | পরিচালক (প্র. ও অর্থ), উপ-পরিচালক (প্র.) ও হিসাব রক্ষণ কর্মকর্তা। |

| ক্র. নং | কার্যক্রম | আলোচনা | সভার সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | হয়। সংশোধিত বাজেটের আলোকে একাডেমির ক্রয়-পরিকল্পনা হালনাগাদ করা যেতে পারে। | | |
| ০৮ | [২.২] অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয়-পরিকল্পনাসহ) | প্রতি কোয়ার্টার-এ অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয়-পরিকল্পনাসহ) করার লক্ষমাত্রা রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়নে অধিক যত্নবান হওয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি মহোদয় বলেন, পরিকল্পনা অনুযায়ী ক্রয় বাস্তবায়ন শুদ্ধাচারের অন্যতম অনুসঙ্গা। তিনি প্রশাসন শাখাকে এ বিষয়ে গুরুত্বারোপের পরামর্শ প্রদান করেন। | বার্ষিক ক্রয়-পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ করতে হবে, ত্রৈমাসিক ভিত্তিক নির্ধারিত লক্ষ্যমাত্রা বাস্তবায়নের প্রতিবেদন হিসাব শাখা প্রদান করবে এবং তা প্রমাণক হিসাবে নথিতে সংরক্ষণ করতে হবে। | উপ-পরিচালক (প্র.), সহকারী পরিচালক (প্র.), ও হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ০৯ | [২.৩] বাজেট বাস্তবায়ন | এনএপিডির অনুমোদিত বাজেট প্রতি কোয়ার্টার-এ বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। সে লক্ষ্যে প্রতি কোয়ার্টার-এ পরিচালক (প্রশাসন ও অর্থ)-এর সভাপতিত্বে সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | এনএপিডির অনুমোদিত বাজেট ত্রৈমাসিক ভিত্তিক নির্ধারিত লক্ষ্যমাত্রা বাস্তবায়নের প্রতিবেদন শাখা প্রদান করবে এবং তা প্রমাণক হিসাবে নথিতে সংরক্ষণ করতে হবে। | উপ-পরিচালক (প্র.), সহকারী পরিচালক (প্র.) ও হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ১০ | [৩.১] সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের জন্য যানবাহনের লগবই প্রতি কোয়ার্টার-এ পর্যবেক্ষণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। একাডেমির সহকারী পরিচালকের মাধ্যমে যানবাহনের লগবই প্রতি কোয়ার্টার-এ যথাযথভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়। | বিদ্যমান কমিটি কর্তৃক যানবাহনের লগবই ত্রৈমাসিক ভিত্তিতে পর্যবেক্ষণ করতে হবে এবং প্রমাণক হিসেবে উক্ত লগবই এর স্বাক্ষরিত পাতা ফটোকপি করে নথিতে সংরক্ষণ করতে হবে। | সহকারী পরিচালক (প্র.) ও সংশ্লিষ্ট কমিটি |
| ১১ | [৩.২] শুদ্ধাচার ও দূর্নীতি প্রতিরোধে সচেতনতামূলক লিফলেট বিতরণ | প্রতি কোয়ার্টার-এ শুদ্ধাচার ও দূর্নীতি প্রতিরোধে সচেতনতামূলক ১০০ (একশত)টি করে মোট ৪০০ (চারশত) টি লিফলেট বিতরণের লক্ষ্যমাত্রা | শুদ্ধাচার ও দূর্নীতি প্রতিরোধে সচেতনতামূলক লিফলেট বিতরণ অব্যাহত রাখতে হবে। এবং প্রমাণক হিসেবে এর কপি | গবেষণা কর্মকর্তা-১ |

| ক্র. নং | কার্যক্রম | আলোচনা | সভার সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| | (সরাসরি, ই-মেইল, হোয়াটসআপ ইত্যাদির মাধ্যমে) | রয়েছে। বিসিএস স্বাস্থ্য (১১২ তম ব্যাচ) ক্যাডার কর্মকর্তাদের দুই মাস মেয়াদি বিশেষ বুনিয়াদি কোর্স, নন-ক্যাডার (১৯ তম ব্যাচ) কর্মকর্তাদের দুই মাস মেয়াদি বিশেষ বুনিয়াদি কোর্স ও বিসিএস সাধারণ শিক্ষা (১৯১ তম ব্যাচ) ক্যাডার কর্মকর্তাদের চার মাস মেয়াদি বুনিয়াদি কোর্সসমূহে উক্ত লিফলেট বিতরণ করা হয়েছে। | নথিতে সংরক্ষণ করতে হবে। কোন কোন কোর্সে সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়েছে তা পরবর্তী সভার কমপত্রে উল্লেখ করতে হবে। | |
| ১২ | [৩.৩] দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ বিষয়ে সেশন পরিচালনা | দুর্নীতি দমন কমিশন আইন-২০০৪ বিষয়ে একাডেমির বিভিন্ন দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ কোর্সে সেশনে অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে সেশন পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়। ইতোমধ্যে ২য় কোয়ার্টারে বিসিএস স্বাস্থ্য (১১২ তম ব্যাচ) ক্যাডার কর্মকর্তাদের দুই মাস মেয়াদি বিশেষ বুনিয়াদি কোর্স ও নন-ক্যাডার (১৯ তম ব্যাচ) কর্মকর্তাদের দুই মাস মেয়াদি বিশেষ বুনিয়াদি কোর্সসমূহে মোট ০২ (দুই) টি সেশন পরিচালিত হয়েছে। | দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ বিষয়ে একাডেমির বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের সেশন পরিচালনা অব্যাহত রাখতে হবে। কোন কোন কোর্সে সেশন পরিচালিত হয়েছে তা পরবর্তী সভার কমপত্রে উল্লেখ করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ), প্রধান প্রশিক্ষক-৩ ও গবেষণা কর্মকর্তা-১ |
| ১৩ | [৩.৪] সরকারি ক্রয় আইন ও বিধিমালা সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | মার্চ ২০২৩ সময়ে বা তার পূর্বে সুবিধাজনক সময়ে সরকারি ক্রয় আইন ও বিধিমালা বিষয়ে একাডেমির ন্যূনতম ২৫ (পঁচিশ) জন কর্মকর্তা/কর্মচারীর সমন্বয়ে প্রশিক্ষণ আয়োজন করার নির্দেশনা ছিল। যা গত ০৮/০১/২০২৩ তারিখে একাডেমির ৩২ (বত্রিশ) জন কর্মকর্তার সমন্বয়ে আয়োজিত হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | সরকারি ক্রয় আইন ও বিধিমালা বিষয়ে একাডেমির ৩২ (বত্রিশ) জন কর্মকর্তার সমন্বয়ে একটি প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে নির্দিষ্ট লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে যা প্রশংসনীয়। এ ধরণের প্রশিক্ষণ আয়োজন অব্যাহত রাখা যেতে পারে। | উপ-পরিচালক (প্র.), ও সহকারী পরিচালক (প্র.) |
| ১৪ | এনএপিডির এপিএ ২০২২-২৩ বাস্তবায়ন অগ্রগতি | এনএপিডির এপিএ ২০২২-২৩ বাস্তবায়ন অগ্রগতি অবহিতকরণ সভা আয়োজন আগামী এপ্রিল ২০২৩ | এনএপিডির এপিএ ২০২২-২৩ বাস্তবায়ন অগ্রগতি অবহিতকরণ সভা আয়োজন আগামী এপ্রিল | উপ-পরিচালক (প্র.), ও গবেষণা কর্মকর্তা-১ |

| ক্র. নং | কার্যক্রম | আলোচনা | সভার সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| | অবহিতকরণ সভা আয়োজন | মাসের ১ম সপ্তাহে আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | ২০২৩ মাসের ১ম সপ্তাহে বা সভাপতি মহোদয়ের সুবিধাজনক যেকোনো তারিখ ও সময়ে আয়োজন করতে হবে। | |

০২। সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে সভায় সময় প্রদান করার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সুকেশ কুমার সরকার
মহাপরিচালক (সরকারের সচিব)
এনএপিডি

স্মারক নং- ০৫.৮৮.০০০০.০০৫.০৫.০০৯.২২-১৯৬(ক) তারিখ: ২৭/০৩/২০২৩

**জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জনাব কে এম আলী রেজা, যুগ্মসচিব ও অতিরিক্ত মহাপরিচালক, এনএপিডি।
২. জনাব সায়মা আফরোজ, যুগ্ম-সচিব ও প্রধান প্রশিক্ষক- ০১, এনএপিডি।
৩. ড. মোঃ নুরুজ্জামান, পরিচালক (গবেষণা ও প্রকাশনা), এনএপিডি।
৪. প্রকৌঃ মোঃ আব্দুর রশিদ, পরিচালক (প্রশাসন ও অর্থ), এনএপিডি।
৫. জনাব কাজী মোহাম্মদ সালাতুজ্জামান, সিস্টেম এনালিস্ট, এনএপিডি।
৬. জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী, উপ-পরিচালক (প্রশাসন), এনএপিডি।
৭. জনাব মৌফুল নাহার, প্রশিক্ষক-০২, এনএপিডি।
৮. জনাব মোহাম্মদ জিয়াউর রহমান, সহকারী পরিচালক, এনএপিডি।
৯. জনাব দীপায়ন চক্রবর্তী, গবেষণা কর্মকর্তা-০১, এনএপিডি।
১০. জনাব মুবাশ্বিরা আমাতুল্লাহ, মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, এনএপিডি।
১১. পরিচালক (গবেষণা ও প্রকাশনা/প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনএপিডি।
১২. অফিস কপি।

দীপায়ন চক্রবর্তী
গবেষণা কর্মকর্তা-০১,
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)